



জাতীয় সমাজসেবা দিবস ২০১৭

জাতীয় সমাজসেবা দিবস ২০১৭-এ মাননীয় প্রতিমন্ত্রী

২ জানুয়ারি ওসমানী স্মৃতি মিলনায়তনে 'সমাজসেবা উদ্ভাবন, এবার সেবায় ডিজিটাইজেশন' প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় সমাজসেবা দিবস ও চারদিন (২-৫ জানুয়ারি) ব্যাপী সমাজসেবা মেলা উদ্বোধন অনুষ্ঠানের অয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুজ্জামান আহমেদ এম.পি অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন। প্রতিমন্ত্রী তাঁর বক্তব্যে বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী ভিশন ২০২১, এসডিজি এবং মধ্যম আয়ের দেশ বিনির্মাণে সমাজকল্যাণ মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে'। তিনি আরও বলেন, 'ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারি সেবাসমূহকে মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে সমাজসেবা অধিদফতর বদ্ধপরিকর'।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ জিল্লার রহমান। এছাড়াও স্বাগত বক্তব্য রাখেন সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক

গাজী মোহাম্মদ নুরুল কবির এবং ধন্যবাদ জ্ঞাপন করেন সমাজসেবা অধিদফতরের পরিচালক (কার্যক্রম) আবু মোহাম্মদ ইউসুফ। অনুষ্ঠানে প্রধান অতিথি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুজ্জামান আহমেদ এম.পি বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ সফল ঋণগ্রহীতা, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে সফল উদ্যোক্তা এবং সরকারি শিশু পরিবারে সফল নিবাসী-তিনটি ক্যাটাগরিতে ক্রেট ও সনদপত্র বিতরণ করেন।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল প্রামাণ্য চিত্র প্রদর্শনী এবং সমাজসেবা অধিদফতরের সরকারি শিশু পরিবারের নিবাসীর পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

সবশেষে অনুষ্ঠান স্থল থেকে রোড শো-এর আয়োজন করা হয়। রোড শোটি সমাজসেবা অধিদফতর আগারগাঁও মেলা প্রাঙ্গনে এসে শেষ হয়।

“শেখ হাসিনার দিন বদলে
সমাজসেবা এগিয়ে চলে”

অন্য পাতায়

- | | |
|---|-----|
| ১. জাতীয় সমাজসেবা দিবস ২০১৭ উপলক্ষে প্রচারনা | ২ |
| ২. ইনোভেশন বার্তা | ৩-৭ |
| ৩. 'বাংলা ইশারা ভাষা দিবস' ২০১৭ | ৮ |
| ৪. সাফল্যগাঁথা | ৮ |




জাতীয় সমাজসেবা দিবস ২০১৭ উপলক্ষে প্রচারণা

জাতীয় সমাজসেবা দিবস ২০১৭ উপলক্ষে সমাজসেবা অধিদফতর মিলনায়তনে ০২-০৫ জানুয়ারি পর্যন্ত সমাজসেবা মেলার আয়োজন করা হয়। ৪ দিন ব্যাপী এই মেলায় রোড শো, বিষয়ভিত্তিক আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান, স্বৈচ্ছায় রক্তদান কর্মসূচি, প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ, MIS ডাটা এন্ট্রি, প্রামাণ্য চিত্র প্রদর্শনী, সমাজসেবা পরিবারের কৃতি সদস্যদের পুরস্কার প্রদানসহ সমাজসেবা উপকারভোগী ও স্বৈচ্ছাসেবী সংস্থা কর্তৃক উৎপাদিত পণ্য প্রদর্শনের আয়োজন করা হয়। জাতীয় সমাজসেবা দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে প্রচারণায় সমাজসেবা অধিদফতর কর্তৃক গৃহিত পদক্ষেপসমূহ:




সমাজসেবার ৬১ বছর উদযাপন উপলক্ষে ক্রোড়পত্র

জাতীয় সমাজসেবা অধিদফতর কর্তৃক প্রকাশিত ক্যালেন্ডার-২০১৭



সমাজসেবা অধিদফতরাধীন প্রতিষ্ঠানের শিশুদের লেখা ও আঁকা নিয়ে 'শিশু সংকলন'



মোবাইলে ক্ষুদ্রে বার্তা প্রেরণ



সমাজসেবা অধিদফতরের মাসিক মুখপত্র 'সমাজকল্যাণ বার্তা' ডিসেম্বর/২০১৬



জাতীয় সমাজসেবা দিবস এর প্রতিপাদ্য 'সমাজসেবার উদ্ভাবন এবার সেবায় ডিজিটাইজেশন' প্রচারে: সমাজসেবা অধিদফতর, সমাজকল্যাণ মন্ত্রণালয় বেসরকারী স্যাটেলাইট চ্যানেলের টিভি স্ক্রলে প্রচার



সমাজসেবার ৬১ বছর উদযাপন উপলক্ষে স্মরণিকা

